# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

প্রজেক্ট ক্রেডিট বিভাগ

নং-বিকেবি-প্রকা/প্রক্রেবি-৩(৭৯)অংশ-০২/২০১৬-২০১৭/২৮৪ তারিখ ঃ ২৭.১২.২০১৬

১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
২। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
৩। উপ-মহাব্যবস্থাপক স্থানীয় মুখ্য কার্যালয়সহ সকল কর্পোরেট শাখাসমূহ
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর অর্থায়নের সময় প্রযোজ্য ক্ষেত্রে সম্ভাব্য ঋণ গ্রহীতা কর্তৃক বাধ্যতামূলকভাবে ইটিপি (Effluent Treatment Plant) স্থাপন ও চালু রাখা প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, সাসটেইনবল ফাইন্যান্স ডিপার্টমেন্টের এসএফডি সার্কুলার নং-০৩ তারিখঃ ০৮.১২.২০১৬ (অগ্রহায়ণ ২৪, ১৪২৩) এর নির্দেশনা অনুযায়ী অত্র ব্যাংকের সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সার্কুলারটি অপর পৃষ্ঠায় হুবহু মুদ্রন করা হলো। বাংলাদেশ ব্যাংকের সার্কুলার মোতাবেক ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদক্রমে,

আপনার বিশ্বস্ত,

27/12/2016

( প্রকৌঃ মনীন্দ্র চন্দ্র মন্ডল )
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি ও যোগাযোগ বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাকে আলোচ্য পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০২। অফিস কপি।

সাসটেইনবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

এসএফডি সার্কুলার নং: ০৩

তারিখ: ডিসেম্বর ০৮, ২০১৬
অগ্রহায়ণ ২৪, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর অর্থায়নের সময় প্রযোজ্য ক্ষেত্রে**
**সম্ভাব্য ঋণগ্রহীতা কর্তৃক বাধ্যতামূলকভাবে ইটিপি (Effluent Treatment Plant) স্থাপন ও চালু রাখা**

সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় পরিবেশ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের ধারাবাহিকতায় বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের সকল ধরনের অর্থায়নের সময় প্রযোজ্য ক্ষেত্রে সম্ভাব্য ঋণগ্রহীতা কর্তৃক বাধ্যতামূলকভাবে ইটিপি (Effluent Treatment Plant) স্থাপন ও সবসময় তা চালু রাখার বিষয়টি আবশ্যিকভাবে নিশ্চিত করবে। এ নির্দেশনা বিদ্যমান সকল অর্থায়নের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৩ সালে সংশোধিত) এর ৪৫ ধারা ও আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (২০০৩ সালে সংশোধিত) এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মনোজ কুমার বিশ্বাস)
মহাব্যবস্থাপক
ফোন নং: ৯৫৩০৩২০
ফ্যাক্স নং: ৯৫৩০৩২৪
Email: manoj.biswas@bb.org.bd
gm.gbcsrd@bb.org.bd

২৯/১২/২০১৬

সৈয়দ মোঃ জাকির হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
প্রজেক্ট ক্রেডিট বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।